এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

যশোর শিক্ষা বোর্ড–২০১৭

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও]

'ক' বিভাগ

১. শিফাত টেলিকম সার্ভিস-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

শিফাত টেলিকম সার্ভিস
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		১,৪০,০০০
সেবা আয়		৭৪,০০০
বেতন খরচ	২০,০০০	
অগ্রিম বীমা	১৪,০০০	
মেরামত সামগ্রী	৪৫,০০০	
অনুপার্জিত সেবা আয়		২৫,০০০
টেলিকম সরঞ্জাম	১,৮০,০০০	
উত্তোলন	১০,০০০	
পুঞ্জিভূত অবচয় ও টেলিকম সরঞ্জাম		৯,০০০
প্রদেয় নোট		৫২,০০০
আসবাবপত্র	১৬,০০০	
নগদ তহবিল	১৫,০০০	
	৩,০০,০০০	৩,০০,০০০

সমন্বয়সমূহ :

i. অতিক্রান্ত বীমা সেলামি ১২,০০০ টাকা।
ii. অব্যবহৃত মেরামত সামগ্রীর মজুদের পরিমাণ ৫,০০০ টাকা।
iii. টেলিকম সরঞ্জামের উপর ৫% অবচয় নির্ণয় কর।
iv. অনুপার্জিত সেবা আয়ের ২১,০০০ টাকা উপার্জিত হয়েছে।

(ক) সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও। ৪
(গ) নিট মুনাফার পরিমাণ ১৪,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২. শামীম ট্রেডার্স-এর ২০১৬ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

শামীম ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন ও মূলধন	১৮,০০০	১,৩৩,০০০
ক্রয় ও বিক্রয়	৭৮,০০০	১,২৭,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	
জাহাজ ভাড়া	১,৫০০	
বিনিয়োগ	৬০,০০০	
প্রাপ্ত কমিশন		২,৫০০
ব্যাংক চার্জ	২,০০০	
বেতন খরচ (১০ মাস)	২০,০০০	
বিনিয়োগের সুদ		৬,০০০
অফিস ভাড়া	২৪,০০০	
প্রদেয় নোট		২৫,৫০০
মেশিন	১,০০,০০০	
বন্ধকী ঋণ		৮৭,০০০
সুনাম	৪০,০০০	
ঋণের সুদ	৫,৫০০	
নগদ তহবিল	১২,০০০	
	৩,৮১,০০০	৩,৮১,০০০

অন্যান্য তথ্যাদি :

i. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৪০,০০০ টাকা, যার বাজার মূল্য ৩৮,০০০ টাকা।

ii. মেশিনের উপর ১০% অবচয় ধার্য কর।

iii. মালিক ব্যক্তিগত প্রয়োজনে নগদ ২,০০০ টাকা উত্তোলন করেছেন, যা হিসাবভুক্ত করা হয়নি।

(ক) অ-পরিচালন খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য মোট লাভ নির্ণয় কর। ৪

(গ) সমাপনী মূলধন ১,২১,৫০০ টাকা ব্যবহার করে আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

'খ' বিভাগ

৩. মি. কামরান ২০১৬ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে আইনি ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য ঘটনাগুলো ছিল নিম্নরূপ :

জানুয়ারি ২ ১৫,০০০ টাকা মাসিক বেতনে একজন ম্যানেজার নিয়োগ করলেন।

৮ ধারে আসবাবপত্র ক্রয় করা হলো ৩০,০০০ টাকা।

১২ মক্কেলদের নগদে আইনি সেবা দেয়া হলো ২৫,০০০ টাকা।

১৮ মক্কেলদের ধারে আইনি সেবা দেয়া হলো ৩০,০০০ টাকা।

২০ জনতা ব্যাংক লি: হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ করা হলো ৫০,০০০ টাকা।

৩০ চলতি মাসের ম্যানেজারের বেতন পরিশোধ করা হলো।

৩০ ধারে ক্রীত আসবাবপত্রের মূল্য পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।

৩১ জানুয়ারি মাসের অফিস ভাড়া পরিশোধ করা হলো ১২,০০০ টাকা।

(ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০১৬ সালের জানুয়ারি মাসের শেষে মি. কামরানের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪. **২০১৬ সালের জুলাই মাসে সান কোম্পানির সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :**

জুলাই ১ প্রারম্ভিক হাতে নগদ এবং ব্যাংক উদ্বৃত্ত যথাক্রমে ৬০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা।

৩ তাজুল ইসলামের নিকট হতে ১০% বাট্টায় ৬,০০০ টাকার পণ্য নগদে ক্রয়।

৫ নগদে মাল বিক্রয় ১০,০০০ টাকা।

১০ ব্যাংকে নগদ জমা দেয়া হলো ২০,০০০ টাকা।

১৬ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

২০ ব্যবসায়ে মালিক অতিরিক্ত মূলধন আনয়ন করেন ৫,০০০ টাকা।

২৪ মির্জা স্টোর্স হতে ৩,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ২,৮০০ টাকা প্রাপ্তি।

২৬ আসবাবপত্রের অবচয় ধরা হলো ১,০০০ টাকা।

২৮ চেক মারফত ১৫,০০০ টাকা শাকিলকে পরিশোধ করে ৩০০ টাকা বাট্টা পাওয়া গেল।

৩০ বেতন নগদে ১২,০০০ টাকা এবং ভাড়া চেকে পরিশোধ ৬,০০০ টাকা।

(ক) যে লেনদেনগুলো নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তাদের জাবেদা দাখিলা দেখাও। ২

(খ) উপর্যুক্ত তথ্যাবলির আলোকে তিনঘরা নগদান বই তৈরি কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

৫. **২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে জনাব শিবলী** নগদ ২০,০০০ টাকা; ব্যাংক জমা ৩০,০০০ টাকা; যন্ত্রপাতি ৪০,০০০ টাকা এবং তার বন্ধু সাকিবের নিকট হতে ১০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলি সম্পাদিত হয়েছিল :

জানুয়ারি ৫ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ২,০০০ টাকা।

৮ চেক মারফত তাঁর ছেলের স্কুলের ফি প্রদান ১,০০০ টাকা।

১০ নতুন যন্ত্রপাতি ক্রয় ১৫,০০০ টাকা।

১৬ মালিকের ব্যক্তিগত ঋণ পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।

১৮ চেক মারফত যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় প্রদান ৪,০০০ টাকা।

(ক) মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত নগদ লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনগুলো হতে নগদান হিসাব ও যন্ত্রপাতি হিসাব প্রস্তুত কর। ৪

৬. ২০১৬ সালের ৩০ জুন তারিখে নাজমুল ব্রাদার্সের নগদান বই মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ৩০,০০০ টাকা এবং ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ২৬,৫০০ টাকার অনুসন্ধান করে গরমিলের নিম্নলিখিত কারণসমূহ খুঁজে পাওয়া যায় :

i. জুন মাসে ব্যাংক ৩০০ টাকা সার্ভিস চার্জ কর্তন করেছে।

ii. পাওনাদারের বরাবর ইস্যুকৃত ২,৫০০ টাকার একটি চেক ভুলে ব্যাংক ৫,২০০ টাকার ডেবিট করেছে।

iii. ব্যাংক সুদ মঞ্জুর করেছে ৫০০ টাকা।

iv. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হয়েছে ৭,০০০ টাকা।

v. ৪,০০০ টাকার একটি প্রাপ্য নোট ব্যাংক কর্তৃক আদায় হয়েছে।

vi. ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি ২,০০০ টাকা।

(ক) উপর্যুক্ত তথ্যাবলির আলোকে ডেবিট মেমোরেন্ডামের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) (i), (iii), (iv) ও (v) নং দফার জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
(গ) উপরের তথ্যাবলির ভিত্তিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭. নিধি ট্রেডার্স-এর নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের :

বিবরণ	টাকা
প্রাপ্য হিসাব	২০,০০০
বিনিয়োগ	১৮,০০০
মূলধন	১৮,৭০০
ব্যাংক চার্জ	২,৫০০
প্রাপ্য কমিশন	২,৪০০
বকেয়া বেতন	৪,০০০
বিক্রয়	২৮,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৮,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০
ব্যাংক ঋণ	১২,০০০
ঋণের সুদ	১,৮০০
ক্রয়	২৫,০০০

(ক) মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮. মাহি এন্ড কোং-এর হিসাবকাল অর্ধ বৎসরান্তে সমাপ্ত হয়। ২০১৬ সালের ১ জুলাই তারিখে মাহি এন্ড কোং-এর প্রাপ্য হিসাবের ব্যালেন্স ছিল ১,০০,০০০ টাকা। উক্ত অর্থবছরের নির্বাচিত লেনদেন নিম্নে দেয়া হলো :

জুলাই ১ রাজু এন্ড কোং-এর নিকট হতে ২০,০০০ টাকার ৪ মাস মেয়াদি একটি প্রাপ্য নোট পাওয়া গেল, যার সুদের হার ১২%।
নভে: ১ রাজু এন্ড কোং-এর প্রাপ্য নোটের টাকা সুদসহ পাওয়া গেল।
১ জাহিদের নিকট ৩০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৯০ দিন মেয়াদি একটি প্রাপ্য নোট পাওয়া গেল যার সুদের হার ১০%।
ডিসে: ৩১ জাহিদের প্রাপ্য নোটের উপর সুদ প্রাপ্য হলো সমন্বয় দাখিলা দাও।

(ক) জাহিদের প্রাপ্য নোটটির মেয়াদপূর্তির তারিখ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলোর জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে প্রাপ্য হিসাব এবং প্রাপ্য নোট হিসাব প্রস্তুত কর। ৪

৯. জনাব অরিনের ডিসেম্বর ৩১, ২০১৬ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৪০,০০০
উত্তোলন	১,৮০০	
যন্ত্রপাতি	৩২,৪০০	
প্রদেয় হিসাব		২,৮০০

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুরি খরচ	১০,০০০	
ক্রয়	১৯,০০০	
প্রারম্ভিক মজুদ	৪,০০০	
ব্যাংক উদ্বৃত্ত	৩,০০০	
ভাড়া খরচ	১,৬০০	
বিক্রয়		২৯,০০০
	৭১,৮০০	৭১,৮০০

অতিরিক্ত তথ্যাবলি :

i. সমাপনী মজুদ ১,২০০ টাকা।

ii. বকেয়া ভাড়া খরচ ১০০ টাকা।

iii. যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য কর।

iv. অগ্রিম মজুরি ৪০০ টাকা।

(ক) বিক্রীত পণ্যের ব্যয় নিরূপণ কর। ২

(খ) সমন্বয় দাখিলাসমূহ দেখাও। ৪

(গ) ১০ ঘরবিশিষ্ট একখানা কার্যপত্র প্রস্তুত কর। ৪

১০. নিটল কোম্পানি ১ জানুয়ারি, ২০১১ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনের সাথে সম্পৃক্ত খরচ হিসাবে পরিবহন ব্যয় ৬০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৯০,০০০ টাকা খরচ হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বর্ষ শেষ হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২

(খ) প্রথম দুই বছরের জাবেদা দাখিলা দাও। ৪

(গ) প্রথম চার বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত কর। ৪

১১. মি. শাহজাহান একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাব বই দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন না। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তার ব্যবসায়ের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	১ জানুয়ারি ২০১৬ (টাকা)	৩১ ডিসেম্বর ২০১৬ (টাকা)
হাতে নগদ	৪,০০০	২,৫০০
মজুদ পণ্য	৩,৫০০	৪,৫০০
প্রাপ্য হিসাব	১৩,০০০	১৬,৫০০
ব্যাংক জমাতিরিক্ত	১,৫০০	১,৭০০
প্রদেয় হিসাব	৮,৫০০	১৫,৫০০
যন্ত্রপাতি	৩০,০০০	৩০,০০০

মি. শাহজাহান নিজ প্রয়োজনে কারবার হতে নগদ ৪,০০০ টাকা এবং ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এই উত্তোলিত অর্থ হতে ২,০০০ টাকা এবং ব্যক্তিগত শেয়ার বিক্রয় বাবদ ৭,০০০ টাকা নিয়ে ব্যবসায়ের জন্য একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন। যন্ত্রপাতির উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে।

(ক) মি. শাহজাহানের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

(খ) সমাপনী মূলধন ৪৭,৩০০ টাকা হলে লাভ-লোকসান বিবরণী তৈরি কর। ৪

(গ) মালিকানাস্বত্ব ৪৫,৮০০ টাকা হলে বৈষয়িক বিবৃতি তৈরি কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. আধুনিক হিসাববিজ্ঞানের মূলভিত্তি কোনটি?
ⓚ লেনদেন
ⓛ একতরফা দাখিলা পদ্ধতি
ⓜ দু'তরফা দাখিলা পদ্ধতি
ⓝ ঘটনা

২. কোন পদ্ধতিতে হিসাব সংরক্ষণে কোনো সুনির্দিষ্ট নীতি অনুসৃত হয় না?
ⓚ আধুনিক পদ্ধতি
ⓛ দু'তরফা দাখিলা পদ্ধতি
ⓜ বৈজ্ঞানিক পদ্ধতি
ⓝ একতরফা দাখিলা পদ্ধতি

৩. জনাব ইউনুস একজন খুচরা ব্যবসায়ী। বছর শেষে তার দায় ছিল ৯,৫৭৫ টাকা এবং মালিকানা স্বত্ব ছিল ১৫,০০৫ টাকা; তাহলে তার সম্পত্তি কত হবে?
ⓚ ৫,৪৩০ টাকা
ⓛ ৭,৫০৫ টাকা
ⓜ ৯,৫৭৫ টাকা
ⓝ ২৪,৫৮০ টাকা

৪. লেনদেন সংঘটিত হওয়ার সাথে সাথে জাবেদায় লিপিবদ্ধ করার কারণ কী?
ⓚ খতিয়ান প্রস্তুতে সহায়তা করা
ⓛ হারিয়ে যাওয়া বা ভুলে যাওয়ার সম্ভাবনা হ্রাস করা
ⓜ ভুলত্রুটি হ্রাস করা
ⓝ লেনদেনের স্থায়ী সংরক্ষণ নিশ্চিত করা

৫. IASC-এর পূর্ণরূপ কোনটি?
ⓚ International Auditing Standards Committee
ⓛ International Accounting Standards Committee
ⓜ International Association of Standard Committee
ⓝ International Acceptable Standard Committee

৬. $\frac{২}{১০}$, $\frac{নিট}{৩০}$ কোন ধরনের শর্ত?
ⓚ নগদ বাট্টা ⓛ কারবারি বাট্টা
ⓜ প্রাপ্ত বাট্টা ⓝ প্রদত্ত বাট্টা

৭. ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৮৯০ টাকা নগদান বইতে দুইবার ডেবিট করা হয়েছে। নগদান বইতে কত টাকা বেশি দেখানো হয়েছে?
ⓚ ৪৪৫ টাকা ⓛ ৭৯০ টাকা
ⓜ ৮৯০ টাকা ⓝ ২,৩৯০ টাকা

৮. কোনটি বাট্টা করা যায়?
ⓚ চেক ⓛ পে-অর্ডার
ⓜ ডেবিট কার্ড ⓝ প্রতিশ্রুতি পত্র

৯. অগ্রিম প্রদত্ত খরচ ব্যবসায়ের জন্য কী হিসেবে বিবেচিত হয়?
ⓚ আয় ⓛ ব্যয়
ⓜ সম্পদ ⓝ দায়

১০. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে পরিশোধ করলে একঘরা নগদান বইতে তা কোনদিকে লিখতে হয়?
ⓚ শুধু ডেবিট দিকে ⓛ শুধু ক্রেডিট দিকে
ⓜ ডেবিট ক্রেডিট উভয় দিকে
ⓝ ডেবটি অথবা ক্রেডিট দিকে

১১. AAA -এর পূর্ণরূপ কী?
ⓚ American Accounting Association
ⓛ Asian Accounting Association
ⓜ Accounting Association of America
ⓝ Accounting Association of Africa

১২ অনিশ্চিত হিসাব মূলত কোন ধরনের হিসাব?
ⓚ স্থায়ী ⓛ অস্থায়ী ও সাময়িক
ⓜ অধিকাংশ স্থায়ী ⓝ চিরস্থায়ী

উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :
আফ্রিদীর ০১ জানুয়ারি তারিখে হাতে নগদ ১,০৫,০০০ টাকা; ব্যাংকে জমা ১,১০,০০০ টাকা; আসবাবপত্র ১,১৫,০০০ টাকা এবং মজুদ পণ্য ছিল ১,২০,০০০ টাকা। এছাড়াও তার প্রদেয় হিসাব ৩৩,০০০ টাকা ও বকেয়া বেতন ১৮,০০০ টাকা।

১৩. ১ জানুয়ারি তারিখে আফ্রিদীর মোট সম্পদ কত ছিল?
ⓚ ৪,৫০,০০০ টাকা ⓛ ৪,৫৩,০০০ টাকা
ⓜ ৫,০০,০০০ টাকা ⓝ ৫,০১,০০০ টাকা

১৪. আফ্রিদীর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত ছিল?
ⓚ ১,০৫,০০০ টাকা ⓛ ৩,৯৯,০০০ টাকা
ⓜ ৫,০১,০০০ টাকা ⓝ ৫,১৬,০০০ টাকা

১৫. মূলধন ও দায় হিসাবসমূহ কখন ডেবিট করা হয়?
ⓚ মূলধন হ্রাস পেলে ও দায় হ্রাস পেলে
ⓛ মূলধন বৃদ্ধি পেলে ও দায় বৃদ্ধি পেলে
ⓜ মূলধন বৃদ্ধি পেলে ও দায় হ্রাস পেলে
ⓝ মূলধন হ্রাস পেলে ও দায় বৃদ্ধি পেলে

১৬. আয় বিবরণীতে সমন্বয় করতে হয়—
i. অতিরিক্ত মূলধন আনয়ন
ii. পণ্য উত্তোলন
iii. অনাদায়ী পাওনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭. সোহেল অ্যান্ড কোং-এর সমাপনী মজুদ ক্রয়মূল্য ১৫,৫০,০০০ টাকা এবং বাজারমূল্য ২০,০০,০০০ টাকা। কোন নীতি অনুযায়ী সমাপনী মজুদ পণ্য ১৫,৫০,০০০ টাকা ধরা হয়েছে?

ⓚ রক্ষণশীলতা নীতি ⓛ ক্রয়মূল্য নীতি
ⓜ হিসাবকাল নীতি ⓝ আদায় করা নীতি

১৮. ভগ্নাবশেষ মূল্যকে কী নামে অভিহিত করা যায়?

ⓚ প্রাক্কলিত অপসারণ মূল্য
ⓛ সম্পদের নির্দিষ্ট বিক্রয় মূল্য
ⓜ আয়ুষ্কাল শেষে সম্পদ থেকে নগদ প্রাপ্তি
ⓝ সম্পদ অপসারণকালে প্রদত্ত নগদ অর্থ

১৯. ব্যবসায়ের মূলধনজাতীয় উপাদানসমূহ দ্বারা কোনটি প্রস্তুত করা হয়?

ⓚ আয় বিবরণী
ⓛ আর্থিক অবস্থার বিবরণী
ⓜ নগদ প্রবাহ বিবরণী
ⓝ মালিকানা স্বত্ব বিবরণী

২০. পেশাদারী হিসাব সংস্থা–

i. ICAB
ii. ICMAB
iii. AICPA

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii
ⓛ ii ও iii
ⓜ i ও iii
ⓝ i, ii ও iii

২১. ব্যাংক কর্তৃক ব্যবহৃত দলিল DM মানে কী?

ⓚ Debit Memorandum
ⓛ Direct Material
ⓜ District Manager
ⓝ Direct manager

২২. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো–

i. পাওনাদার
ii. ব্যবস্থাপক
iii. সরকার

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৩. অগ্রিম বীমা উত্তীর্ণ হয়েছে এর জন্য সমন্বয় দাখিলায় ক্রেডিট হবে কোনটি?

ⓚ অগ্রিম বীমা হিসাব
ⓛ জীবন বীমা হিসাব
ⓜ অগ্নিবীমা হিসাব
ⓝ বীমা হিসাব

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :
নিলুফা পারভীন সামাজিক দায়িত্ববোধ ও ভবিষ্যৎ মুনাফা লাভের আশায় ২,০০,০০০ টাকার পণ্য মুনাফাবিহীন বিক্রয় করেন। তাছাড়া বিজ্ঞাপনের জন্য গরিবদের মাঝে বিনামূল্যে ১,০০,০০০ টাকার পণ্য বিতরণ করেন।

২৪. নিলুফা পারভীনের ব্যবসায় থেকে গরিবদের মাঝে পণ্য বিতরণকে তুমি কীভাবে মূল্যায়ন করবে?

ⓚ শুধুমাত্র সামাজিক দায়িত্ব
ⓛ ব্যবসায়ের দান-দক্ষিণা
ⓜ বিজ্ঞাপন ও সামাজিক দায়িত্ব
ⓝ শুধুমাত্র বিজ্ঞাপন

২৫. মুনাফাবিহীন বিক্রয় ২,০০,০০০ টাকা আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে–

i. ক্রয় থেকে ২,০০,০০০ টাকা বাদ
ii. ব্যয় হিসাবে ২,০০,০০০ টাকা বাদ
iii. বিক্রয় থেকে ২,০০,০০০ টাকা বাদ

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৬. ১০% বন্ধকী ঋণ ৫,০০,০০০ টাকা; যার $\frac{৩}{১০}$ অংশ আগামী বছর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ কত হবে?

ⓚ ১,৫০,০০০ টাকা ⓛ ৫,০০,০০০ টাকা
ⓜ ৫,৫০,০০০ টাকা ⓝ ৬,০০,০০০ টাকা

২৭. নোটিং চার্জ কী?

ⓚ পণ্য ক্রয়-বিক্রয়জনিত খরচ
ⓛ পণ্যের আমদানি খরচ
ⓜ প্রাপ্য নোট প্রত্যাখ্যানজনিত খরচ
ⓝ কর সংক্রান্ত খরচ

২৮. প্রাপ্য হিসাব বৃদ্ধি পায়–

i. ধারে পণ্য বিক্রয়ের ফলে
ii. ধারে সেবা প্রদানের ফলে
iii. অর্থ ধার দেওয়ার ফলে

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৯. মালিক কোনটি দাবি করতে পারে না?

ⓚ মূলধন ⓛ মোট লাভ
ⓜ উত্তোলন ⓝ নীট লাভ

৩০. দাগকাটা চেকের মাধ্যমে ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলে কোন হিসাব ডেবিট করতে হবে?

ⓚ চেক হিসাব ⓛ বিক্রয় হিসাব
ⓜ ব্যাংক হিসাব ⓝ নগদান হিসাব